অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 1/14/2025 **গভর্নর ক্যাথি হোকল**

গভর্নর HOCHUL (হোকল) এমন উদ্যোগের প্রস্তাব করলেন যা ট্যাক্সপেয়ারদের মার্কিন ডলার বাঁচাবে এমন দক্ষ, ভোক্তাবান্ধব সেবা দেওয়ার জন্য সরকারকে আরো ভালো কাজ করতে দিবে

স্বচ্ছতা এবং দক্ষতা বাড়ানোর জন্য একটি ক্যাপিটাল প্রোজেক্ট ড্যাসবোর্ড এবং পাবলিকের জন্য প্রোপার্টি ইনভেন্টরি মানচিত্র তৈরি করবে

বেশি চাহিদার কমিউনিটিগুলিতে সরকারি সেবা পাওয়ার সুযোগ বাড়াবে

একটি স্টেটের অফিস অফ ইনোভেশন অ্যান্ড এফিসিয়েন্সি তৈরি করবে

নেটওয়ার্কের সাইবার সিকিউরিটি জোরদার করবে, সরকারি কর্মচারীদের ট্রেনিং বাড়াবে

কিশোরদের জন্য ডিজিটাল ওয়ার্কিং পেপারের প্রক্রিয়া আধুনিক করবে যাতে প্রক্রিয়া সরল করা যায় এবং কর্মচারীদের উপর থেকে চাপ কমানো যায়

MWBE-দের জন্য সুযোগ বাড়াবে এবং ক্যাপিটাল প্রোজেক্ট আরো দ্রুত গঠন করবে

গভর্নর Kathy Hochul (ক্যাথি হোকল) আজকে তার 2025 সালের স্টেট অফ দ্য স্টেটের অংশ হিসেবে একাধিক উদ্যোগ ঘোষণা করেছেন যা সরকারকে সকল নিউ ইয়র্কবাসীর জন্য আরো দ্রুত ও আরো দক্ষতার সাথে কাজ করানোর জন্য তৈরি করা হয়েছে। বিশেষ করে, গভর্নর রিফর্মের একটি সিরিজ অগ্রসর করার প্রস্তাব করছেন যা নিউ ইয়র্ক স্টেটের (New York State) সরকার যাতে জীবন পরিবর্তন ও উন্নত করে দিবে এমন ইনফ্রাস্ট্রাকচার প্রোজেক্ট সম্ভব করতে পারে তা নিশ্চিত করার জন্য তৈরি করা হয়েছে।

"সরকারের উচিত কাজ করা, এবং তা দক্ষতার সাথে ও কার্যকর যাবে করা কারণ আপনার কষ্টে উপার্জিত অর্থ এর জন্যই ব্যয় করা হয়," **গভর্নর Hochul (হোকল) বলেন।** "এইসব কাস্টোমার সার্ভিসকেন্দ্রিক প্রস্তাবনাগুলি তৈরি করা হয়েছে যাতে নিশ্চিত করা যায় যে আমরা এমন মানসম্পন্ন সার্ভিস দিতে কঠোর পরিশ্রম করছি যার উদ্দেশ্য স্টেটের প্রতিটি কোণায় সকল নিউ ইয়র্কবাসীদেরকে সরল, আধুনিক সার্ভিস দিতে পারা।"

ক্যাপিটাল প্রোজেক্ট ডেলিভারির ক্ষেত্রে গতি, সমতা, এবং দক্ষতা বাড়ানো

প্রোজেক্ট ডেলিভারির বিকল্প পদ্ধতি বাড়ানো

স্টেটের আইন বলে দেয় যে এজেন্সি এবং অথোরিটিগুলিকে কীভাবে ক্যাপিটাল প্রোজেক্ট ডেলিভারি করতেই হবে। স্টেটের অনেক এজেন্সি এবং অথোরিটি ডেলিভারি পন্থার অল্প বিকল্পে সীমাবদ্ধ থাকে, যেমন ডিজাইন-বিড বিল্ড। যদিও এখনকার অনুমোদিত পদ্ধতিগুলি কিছু প্রোজেক্টের জন্য মানানসই, কিন্তু তারা সবকিছুর জন্য সেরা উপায়ে মানানসই নয়। প্রোজেক্টের আকার, প্রকৃতি, এবং টাইমলাইনের উপর ভিত্তি করে বিকল্প প্রোজেক্ট ডেলিভারি পন্থা, যেমন প্রোগ্রেসিভ ডিজাইন বিল্ড, কনস্ট্রাকশন ম্যানেজার বিল্ড, এবং কনস্ট্রাকশন ম্যানেজার অ্যাজ কন্সট্রাক্টর আরো মানানসই হতে পারে এবং আরো দ্রুত এবং কম খরচে প্রোজেক্ট ডেলিভারি করতে পারে। বিকল্প ডেলিভারির পন্থা এছাড়া সেরা মূল্যের বিকল্পের বেশি ব্যবহার করতে দেয়, ক্ষুদ্র এবং উদীয়মান ফার্মগুলির জন্য ব্যবসার ক্ষেত্রে আরো সমতা আনে এবং মাইনোরিটি অ্যান্ড উইমেন-ওউনড বিজনেস এন্টারপ্রাইজের (Minority- and Women-Owned Business Enterprise, MWBE) অংশগ্রহণ বাড়ানোকে সমর্থন করে। প্রোজেক্ট ডেলিভারির দক্ষতা বাড়াতে এবং সরকারি চুক্তির অ্যাক্সেস পেতে MWBE-গুলিতে সমর্থন করে যেতে গভর্নর Hochul (হোকল) Infrastructure Investment Act এবং অন্যান্য সম্পর্কিত বিধান সংশোধন করতে কাজ করবে যাতে এজেন্সি ও অথোরিটিগুলি কীভাবে প্রোজেক্ট ডেলিভার করবে সেই ব্যাপারে তাদের আরো ফ্লেক্সিবিলিটি দেওয়া যায় এবং নিশ্চিত করা যায় যে তারা কাজের জন্য সেরা ব্যবস্থাটি ব্যবহার করতে পারছে।

স্টেটের প্রকিউরমেন্টের সময় মাইনোরিটি অ্যান্ড উইমেন-ওউনড বিজনেস এন্টারপ্রাইজের সুযোগ বাড়ানো

নিউ ইয়র্ক স্টেটের পাবলিক প্রকিউরমেন্টের ক্ষেত্রে অনেক ধরণের রিভিউ ও অনুমোদনের দরকার হয়। স্টেটের চুক্তিতে MWBE-দের অংশগ্রহণ বাড়াতে এবং এছাড়াও প্রকিউরমেন্টের প্রক্রিয়া দ্রুত করতে, সার্টিফাইড MWBE-দের কাছ থেকে 750,000 মার্কিন ডলার পর্যন্ত ইচ্ছামূলক কেনাকাটা করার সময় এজেন্সি ও অথোরিটিগুলির জন্য নির্দিষ্ট কিছু প্রকিউরমেন্ট আবশ্যিকতা মওকুফ করা হয়েছে। এই মডেলের সাফল্যের উপর ভিত্তি করে গভর্নর Hochul (হোকল) MWBE-দের জন্য ইচ্ছামূলক কেনাকাটার সীমাকে বাড়িয়ে 1.5 মিলিয়ন মার্কিন ডলার করার প্রস্তাব করেছেন, যা স্টেটের সীমাকে MTA এবং নিউ ইয়র্ক সিটির (New York City) সাথে মানানসই করে। এইসব সীমার স্ট্যান্ডার্ডাইজেশন করা হলে তা দক্ষতা বাড়াবে এবং একই সাথে MWBE ফার্মগুলির জন্য সুযোগ বাড়াতে গভর্নরের প্রতিশ্রুতিকে সমর্থন করবে।

মিউনিসিপ্যাল প্রোজেক্ট দ্রুত করতে ডর্মিটরি অথোরিটির অভিজ্ঞতা কাজে লাগানো

পুরো স্টেটের কমিউনিটিগুলির পার্ক, ইনফ্রাস্ট্রাকচার এবং দৃঢ়তার প্রোজেক্ট, এবং অন্যান্য মিউনিসিপ্যাল ফ্যাসিলিটি গঠন করতে বিনিয়োগ প্রয়োজন যা আমাদের কমিউনিটিগুলির ভিত্তি স্থাপন করে দেয় এবং নিউ ইয়র্ককে বাস করার জন্য এমন আকর্ষণীয় একটি স্থান করে তোলে। আরো দ্রুত এবং কম খরচে এইসব প্রোজেক্টের কাজ শেষ করা হলে তা পুরো স্টেটের কমিউনিটিগুলিকে লাভবান করবে।

স্থানীয়দেরকে প্রোজেক্টের ডিজাইন ও বাস্তবায়ন দ্রুত করতে নতুন রিসোর্স ব্যবহার করার ক্ষমতা দেওয়ার জন্য গভর্নর Hochul (হোকল) লেজিস্লেশন অগ্রসর করবেন যা মিউনিসিপ্যালিটিগুলিকে ডর্মিটরি অথোরিটি অফ দ্য স্টেট অফ নিউ ইয়র্কের (Dormitory Authority of the State of New York) বিখ্যাত প্রোজেক্টের জন্য পরিকল্পনা, ডিজাইন, প্রকিউরমেন্ট এবং নির্মাণ ব্যবস্থাপনা সার্ভিস ব্যবহার করার অনুমতি দিবে। এই লেজিসলেটিভ

পরিবর্তনটি আগ্রহী মিউনিসিপ্যালিটিগুলিকে আরো উচ্চাকাঙ্ক্ষী প্রোজেক্টের ফিতা কাটতে সাহায্য করবে।

প্রিকোয়ালিফাইড তালিকার অথোরিটি বাড়ানো

ভেন্ডরদের প্রিকোয়ালিফিকেশন হলো ভেন্ডর এবং কন্ট্রাক্টররা যাতে একটি প্রোজেক্টে বিড করার আগে তারা নির্দিষ্ট যোগ্যতাসম্পন্ন কিনা তা নিশ্চিত করার জন্য তাদের যাচাই করার একটি প্রক্রিয়া। স্টেটের আইন পুরো স্টেটের অনেক মিউনিসিপ্যালিটিকে ভেন্ডর প্রিকোয়ালিফিকেশন প্র্যাকটিস ব্যবহার করার অনুমতি দেয় যাতে নিশ্চিত করা যায় যে শুধু অত্যন্ত সক্ষম এবং যোগ্য কন্ট্রাক্টরদেরকেই চুক্তি দেওয়া হয় যারা সময়মতো এবং বাজেটের মধ্যে উচ্চমানের কাজ ডেলিভার করতে পারবে। স্টেটের এজেন্সি এবং অথোরিটিগুলির কাছে ভেন্ডরদের প্রিকোয়ালিফাই করার জন্য এই রকম কোনো বৃহত্তর কর্তৃত্ব নেই এবং এর বদলে তাদেরকে সাধারণত সকল সাড়াদানকারীদের মধ্যে সবথেকে কম রেসপনসিভ এবং দায়িত্বশীল বিডারকে চুক্তি দিতে হয়, যা উদীয়মান MWBE ফার্মগুলির জন্য একটি বিশেষ সমস্যা সৃষ্টি করে। বিডগুলি রিভিউ করা হয় এবং যোগ্য ভেন্ডরদের থেকেই বাছাই করা হয় তা নিশ্চিত করার জন্য প্রকিউরমেন্ট প্রক্রিয়াকে সরল করতে গভর্নর Hochul (হোকল) প্রিকোয়ালিফাইড তালিকা ব্যবহার করার কর্তৃত্ব স্টেটের এজেন্সি এবং অথোরিটিগুলিকেও দিবেন।

মেট্রোপলিটন ট্রান্সপোর্টেশন অথোরিটির জন্য ইউটিলিটির অবস্থান পরিবর্তন সরল করা ইউটিলিটির অবস্থান পরিবর্তন করা হলো মেট্রোপলিটন ট্রান্সপোর্টেশন অথোরিটির (Metropolitan Transportation Authority, MTA) ক্যাপিটাল প্রোজেক্টগুলির জন্য একটি জটিল অংশ যা সফল করার জন্য অনেক পক্ষের মধ্যে ঘনিষ্ঠ সহযোগিতা দরকার হয় এবং এর কারণে উল্লেখযোগ্য বিলম্ব হতে পারে। এই সমস্যার সমাধান করা রজনী গভর্নর Hochul (হোকল) MTA এবং ডিপার্টমেন্ট অফ পাবলিক সার্ভিসকে (Department of Public Service) এমন একটি প্রক্রিয়া তৈরি করার নির্দেশ দিয়েছেন যা সময়মতো কাজ হওয়া এবং পরিবহন ও ইউটিলিটির নকশা ও নির্মাণের মধ্যে কোঅর্ডিনেশন নিশ্চিত করবে। এই প্রক্রিয়ার ফলে নির্মাণের টাইমলাইন ছোট হবে এবং প্রোজেক্টের সার্বিক খরচ কমে যাবে, এবং একই এতে ইউটিলিটির রেটপেয়ারদের সুরক্ষা দেওয়া হবে।

সরকারি প্রক্রিয়ার দক্ষতা বাড়ানো

ইয়ুথ ওয়ার্কিং পেপারকে ডিজিটাইজ করা

ইয়ুথ ওয়ার্কিং পেপারের জন্য আবেদন করার প্রক্রিয়াটি অতি পুরোনো, এটি সম্পূর্ণ কাগজের উপর নির্ভর করে, ধারাবাহিক, ইউনিফর্ম ডেটা সংগ্রহ করা হয় না। কর্মচারীদেরকে পেপারের রেকর্ড ফাইলে রাখতে হয় এবং যদি ইয়ুথ ওয়ার্কিং পেপার হারিয়ে যায় তাহলে জরিমানা দিতে হয়। প্রক্রিয়াকে আধুনিক করতে এবং ব্যবসাগুলির চাপ কমানোর জন্য গভর্নর Hochul (হোকল) মাইনরদের জন্য ওয়ার্কিং পেপার ডিজিটাইড করার লেজিস্লেশন অগ্রসর করবেন এবং কমবয়সী মানুষ, কেয়ারগিভার, চাকরিদাতা, এবং স্কুলের অ্যাডমিনিস্ট্রেটরদের জন্য একটি ওয়ান-স্টপ অনলাইন পোর্টাল তৈরি করবেন।

স্টেটের সম্পদ এবং ক্যাপিটাল প্রোজেক্টের ট্র্যাকিং ও স্বচ্ছতা বাড়ানো

ক্যাপিটাল প্রোজেক্টে নিউ ইয়র্কের উল্লেখযোগ্য বিনিয়োগের অগ্রগতি ট্র্যাক করার জন্য বা স্টেটের মালিকানাধীন প্রোপার্টির তথ্য ব্যবস্থাপনা করার জন্য কোনো কেন্দ্রীয় ব্যবস্থা নেই। এই

ঘাটতি এজেন্সিগুলির মধ্যে কোঅর্ডিনেশন জটিল করে এবং কৌশলী ইনফ্রাস্ট্রাকচার পরিকল্পনা ও স্টেটের মালিকানাধীন প্রোপার্টির ব্যবহারের সুযোগ সীমিত করে। এটি সমাধান করার জন্য গভর্নর Hochul (হোকল) ক্যাপিটাল প্রোজেক্টের জন্য একটি ডেটাবেজ ও ড্যাসবোর্ড তৈরি করবেন, সেই সাথে থাকবে পাবলিকের জন্য একটি প্রোপার্টির ইনভেন্টরি মানচিত্র যা স্টেটের সম্পদ ব্যবস্থাপনার ক্ষেত্রে স্বচ্ছতা ও দক্ষতা বাড়াবে।

একটি স্টেটের অফিস অফ ইনোভেশন অ্যান্ড এফিসিয়েন্সি তৈরি করা

স্টেটের এজেন্সিগুলি প্রায়ই সীমিত ইনহাউজ দক্ষতার কারণে রিডিজাইন অপারেশন এবং উন্নয়ন বাস্তবায়ন করতে হিমশিম খায়। এটি সমাধান করার জন্য গভর্নর Hochul (হোকল) একটি নিবেদিত অফিস স্থাপন করবেন যা এজেন্সিগুলিকে অভ্যন্তরীণ কনসাল্টিং, কেন্দ্রীয় প্রোজেক্ট সমর্থন, এবং পারফর্ম্যান্স ট্র্যাকিং দিতে সমর্থন করবে। অফিসটি বার্ষিক অগ্রগতির রিপোর্ট প্রকাশ করবে, যা নিউ ইয়র্কবাসীদের জন্য স্বচ্ছ এবং পরিমাপযোগ্য উন্নয়ন নিশ্চিত করবে।

Empire State Plaza-তে একটি সার্কুলার অর্থনীতি গ্রহণ করা

Empire State Plaza উল্লেখযোগ্য বর্জ্য তৈরি করে, যার মধ্যে বেশিরভাগ আরো ভালো রিসাইকেলিং এবং কম্পোস্টিং প্র্যাকটিসের মাধ্যমে এড়ানো যায়। গভর্নর Hochul (হোকল) নতুন সাইনেজ, কৌশলগতভাবে স্থাপিত বিন, প্রিকনজিউমার খাদ্যের বর্জ্য সংগ্রহ, এবং বর্জ্যের অডিটের মাধ্যমে Empire State Plaza-তে বর্জ্য এড়ানোর চেষ্টা বাড়ানোর প্রস্তাব করেছেন। সফল বাস্তবায়ন করা হলে তা অন্যান্য স্টেট ফ্যাসিলিটির জন্য একটি মডেল হিসেবে কাজ করবে, যা কার্যকর বর্জ্য ব্যবস্থাপনা এবং সাস্টেনেবিলিটি প্র্যাকটিস দেখাবে।

নতুন প্রতিভাকে নিয়োগ দেওয়া এবং সিভিল সার্ভিস ব্যবস্থাকে আধুনিক করা

Hiring for Emergency Limited Placement Statewide (NY HELPS) প্রোগ্রাম বড় করা, সিভিল সার্ভিস পরীক্ষার ফি মওকুফ করে দেওয়া, এবং পাবলিক সার্ভিসের সুযোগের প্রচার করার জন্য পুরো স্টেটে সচেতনতা ক্যাম্পেইন শুরু করার মাধ্যমে পাবলিক সার্ভিসের কর্মচারীদের আকৃষ্ট করা এবং ধরে রাখার ব্যাপারে গভর্নর Hochul (হোকল) অঙ্গীকারবদ্ধ। পাশাপাশি, একটি নতুন নিউ ইয়র্ক স্টেট জবস পোর্টাল (New York State Jobs Portal) এবং অ্যাপ্লিকেশন ট্র্যাকিং সিস্টেম (Application Tracking System) নিয়োগের প্রক্রিয়াকে সরল করবে, নিয়োগের প্রক্রিয়াকে আধুনিক করবে, এবং সিভিল সার্ভিস ব্যবস্থার মধ্যে দক্ষতা উন্নত করবে।

সরকারি সেবার অ্যাক্সেস বাড়ানো

গভর্নর Hochul (হোকল) এক সেট উদ্যোগ শুরু করবেন যা সরকারি সেবার অ্যাক্সেস বাড়াবে। প্রথমে, অধিক ট্র্যাফিকের অবস্থানগুলিতে Special Supplemental Nutrition Program for Women, Infants and Children (WIC), Supplemental Nutrition Program (SNAP), এবং চাইল্ড কেয়ার সার্ভিসের মতো পাবলিক বেনিফিটের অ্যাক্সেস দিতে বেশি চাহিদা আছে এমন কমিউনিটিগুলিতে সেলফ সার্ভিস কিয়স্ক ইনস্টল করার একটি পাইলট প্রোগ্রাম গভর্নর Hochul (হোকল) বাস্তবায়ন করবেন। এই প্রোগ্রামটি যাতায়াতের সময় এবং অপেক্ষর সময় কমাবে এবং একই সাথে বহু ভাষার সমর্থন এবং অতি প্রয়োজনীয় রিসোর্সের সহজতর অ্যাক্সেস দিবে। এছাড়াও গভর্নর ডিভিশন অফ হিউমেন রাইটসের (Division of Human Rights) অভিযোগ প্রক্রিয়ার দক্ষতা বাড়াতে লেজিস্লেশন অগ্রসর করবেন এবং অপরাধের শিকার ব্যক্তিদের জন্য

অ্যাক্সেসিবিলিটি ও দক্ষতা উন্নত করতে অফিস অফ ভিকটিম সার্ভিসেসের (Office of Victims Services) ক্লেইম অ্যাসিস্টেন্স (claims assistance) প্রোগ্রামকে আধুনিক করবেন।

আমাদের ডিজিটাল ইনফ্রাস্ট্রাকচার জোরদার করা

স্থানীয় সরকারের সাইবার ঘটনা রিপোর্ট করা আবশ্যিক করা

শেয়ার্ড সার্ভিস প্রোগ্রামের মাধ্যমে গভর্নর Hochul (হোকল) স্থানীয় সরকারগুলিকে নিজেদের সিস্টেমের প্রতিরক্ষা করার জন্য টুল ও সার্ভিস দিয়েছেন। এই টেকনোলজিগুলি রিয়েল টাইমে সাইবার হুমকি মনিটর ও এর সাড়াদান করতে সাহায্য করে, নিশ্চিত করে যাতে সরকারি সার্ভিস আরো ভালোভাবে সুরক্ষিত থাকে। এইসব এবং অন্যান্য চেষ্টার মাধ্যমে নিউ ইয়র্ক স্টেট সাইবারসিকিউরিটি উন্নত করতে অগ্রগতি করেছে, কিন্তু একটি অতি গুরুত্বপূর্ণ ঘাটতি থেকেই যাচ্ছে কারণ স্থানীয় সরকারগুলির জন্য স্টেটের কাছে সাইবারসিকিউরিটির ঘটনা রিপোর্ট করা আবশ্যিক নয়। স্থানীয় সরকারগুলিকে প্রভাবিত করা সাইবারসিকিউরিটির ঘটনা সময়মতো জানানো অতি জরুরি যাতে নিউ ইয়র্ক স্টেট পুরো স্টেটে সাইবার হুমকির কর্মকাণ্ডের জন্য পরিস্থিতির উপর নির্ভর করে সচেতনতা গঠন করতে পারে এবং সার্বিক হুমকির একটি চিত্র তৈরি করতে পারে যা সরকারি সেবার প্রতিরক্ষা করতে এবং সকল নিউ ইয়র্কবাসীকে সুরক্ষা দিতে সাহায্য করবে। এই সমস্যা সমাধান করার জন্য গভর্নর Hochul (হোকল) লেজিস্লেশনের প্রস্তাব করবেন যার জন্য স্থানীয় সরকারগুলিকে অবশ্যই সাইবারসিকিউরিটির ঘটনা এবং র‍্যানসম পেমেন্ট সম্পর্কে একটি কেন্দ্রীয় পদ্ধতির মাধ্যমে রিপোর্ট করতে হবে। এই লেজিস্লেশনটি সাইবার অপরাধীদের পেমেন্ট করা হলে তা রিপোর্ট করা বাধ্যতামূলক করবে, হুমকি পেলে স্টেটের সাড়াদান করার ক্ষমতা উন্নত করবে, অতি গুরুত্বপূর্ণ ইনফ্রাস্ট্রাকচারকে নিরাপদ রাখবে, এবং পুরো স্টেটের সাইবারসিকিউরিটির ঝুঁকি কমাবে।

সরকারি কর্মচারীদের জন্য সাইবারসিকিউরি সচেতনতা ট্রেনিং আবশ্যিক করা

সাইবারসিকিউরিটি সচেতনতা ট্রেনিং হলো বাড়তে থাকা আধুনিক হুমকির বিরুদ্ধে সরকারি সিস্টেমকে নিরাপদ রাখার জন্য অতি গুরুত্বপূর্ণ। নিউ ইয়র্ক স্টেট এক্সিকিউটিভ ব্রাঞ্চের কর্মচারীদের আধুনিক সাইবারসিকিউরিটি সচেতনতা ট্রেনিং দিয়ে থাকে, এবং তা প্রতি বছর শেষ করা বাধ্যতামূলক হয়। গভর্নর Hochul (হোকল) স্থানীয় সরকারগুলির জন্যও এটি আবশ্যিক করছেন এবং কোনো বাড়তি খরচ ছাড়াই এই ট্রেনিং দেওয়া হবে। স্টেট অনলাইনে ফ্রি ট্রেনিং দিবে, যাতে ইউনিফর্ম অ্যাক্সেস নিশ্চিত করা যায় এবং পুরো স্টেটে সরকারের অপারেশন এবং সার্ভিসের ক্ষেত্রে সাইবারসিকিউরিটির দৃঢ়তা জোরদার করা যায়।

পুরো স্টেটে নেটওয়ার্কের সিকিউরিটি জোরদার করা

নিউ ইয়র্কবাসীরা যে সাইবার হুমকির মুখোমুখি হয়েছে তা এর আগে কখনো এতো বেশি, এতো আধুনিক, বা এতো বিপজ্জনক ছিলো না। গভর্নর Hochul-এর (হোকল) নেতৃত্বাধীনে তার দেশসেরা সম্পূর্ণ স্টেটের সাইবারসিকিউরিটি কৌশলের অংশ হিসেবে সাইবারসিকিউরিটি উন্নত করতে এবং স্টেট ও স্থানীয় সরকারের নেটওয়ার্কের দৃঢ়তা বাড়াতে উল্লেখযোগ্য অগ্রগতি করা হয়েছে। অফিস অফ ইনফর্মেশন টেকনোলজির (Office of Information Technology Services, ITS) বাড়তি বিনিয়োগের ফলে স্টেট অত্যন্ত কার্যকর সাইবার টুল প্রয়োগ করতে থাকতে পারবে যা স্টেট এবং স্থানীয় সরকারগুলিকে প্রতিরক্ষা দিতে এবং আরো দক্ষ, ডাইনামিক, এবং কমিটেড ওয়ার্কফোর্স গঠন করতে সাহায্য করবে।

গভর্নর Hochul (হোকল) টেকনোলজি এবং সাইবারসিকিউরিটিতে তার ঐতিহাসিক বিনিয়োগকে অগ্রসর করবেন যাতে নিশ্চিত করা যায় যে ITS-এর কাছে সাইবারসিকিউরিটি এবং আমরা যে নতুন, বিপজ্জনক সাইবার হুমকির সম্মুখীন হতে পারি তার বিরুদ্ধে দৃঢ়তা বাড়ানোর জন্য প্রয়োজনীয় রিসোর্স থাকে। নিউ ইয়র্ক স্টেটের টেকনোলজি ইনফ্রাস্ট্রাকচার ঠিক রাখতে, পুরো স্টেটে সাইবার ঝুঁকি কমাতে, এবং বিবর্তন হতে থাকা হুমকি থেকে স্টেট ও স্থানীয় সরকারগুলিকে রক্ষা করতে সাহায্য করতে সম্পূর্ণ স্টেটের সাইবার সিকিউরিটি সার্ভিস চালিয়ে যেতে এই বিনিয়োগগুলি সাহায্য করবে।

পাবলিক ব্রডব্যান্ড এবং সেল সার্ভিস বাড়ানো ও বড় করা
গত কয়েক বছরে পাবলিক ব্রডব্যান্ড ইন্‌ফ্রাস্ট্রাকচারের যে কাজ গভর্নর Hochul (হোকল) শুরু করেছেন তা অগ্রসর করতে তিনি এক্সেলসিয়র ব্রডব্যান্ড নেটওয়ার্ক (Excelsior Broadband Network) শুরু করবেন, এটি পুরো স্টেটের একটি নতুন পাবলিক ব্রডব্যান্ড নেটওয়ার্ক যার উদ্দেশ্য হবে সিরাকিউজ (Syracuse) হয়ে বাফেলো (Buffalo) থেকে প্ল্যাটসবার্গ (Plattsburgh) পর্যন্ত এবং অ্যালবানি (Albany) থেকে বিংহ্যামটন (Binghamton) এবং নিউ ইয়র্ক সিটি পর্যন্ত, এবং Mobile Service Connectivity উদ্যোগ পর্যন্ত পৌঁছে যাওয়া। এক্সেলসিয়র ব্রডব্যান্ড নেটওয়ার্কটি পুরো স্টেটে পাবলিক ব্রডব্যান্ড সম্পদের একটি নেটওয়ার্ক গঠন করবে ও সংযুক্ত করবে, এবং এর প্রথম উপাদান হবে একটি নতুন ফাইবার লাইন যা নিউ ইয়র্ক থ্রুওয়ের (New York Thruway) পুরো দৈর্ঘ্য ধরে চলবে। নিউ ইয়র্ক থ্রুওয়ে ধরে চলা অত্যাধুনিক ফাইবার নেটওয়ার্কটি স্টেটের গ্রামীণ এবং আর্বান অংশগুলিতে উচ্চ গতির ইন্টারনেট এবং নির্ভরযোগ্য সেল ফোন সার্ভিস উন্নত করবে।

স্টেটের ওয়ার্কফোর্সের জন্য আর্টিফিশিয়াল ইন্টেলিজেন্সের দক্ষতা বাড়ানোর সুযোগ দেওয়া
আর্টিফিশিয়াল ইন্টেলিজেন্স (Artificial Intelligence, AI) ট্রেনিং, শিক্ষা, এবং দক্ষতার বিকাশ কর্মীদের উন্নতির পথে সচল হতে এবং AI কীভাবে রুটিন কাজকে অটোমেট করতে পারে এবং উৎপাদনশীলতা বাড়াতে পারে তা বুঝতে সাহায্য করতে পারে। কীভাবে দায়িত্বশীলভাবে AI ব্যবহার করতে সে সম্পর্কে ট্রেনিংয়ের অ্যাক্সেস স্টেটের ওয়ার্কফোর্সকে, বা বিশেষ করে পাবলিক সেক্টরের কর্মচারীদের দেওয়া নিশ্চিত করার মাধ্যমে গভর্নর Hochul (হোকল) উদাহরণ সৃষ্টি করে নেতৃত্ব দিবেন। গভর্নর অফিস অফ ইনফর্মেশন টেকনোলজি সার্ভিসেসকে নির্দেশ দিবেন যাতে তারা ITS সমর্থিত স্টেট ওয়ার্কফোর্স কর্মচারীদের জন্য AI ট্রেনিংয়ের ব্যবস্থা করে। কীভাবে উৎপাদনশীলতা এবং দক্ষতা বাড়ানোর জন্য কাজের ক্ষেত্রে নিরাপদে AI ব্যবহার করা যায় সে সম্পর্কে এই ট্রেনিং মৌলিক শিক্ষা দিবে। ITS এই প্রোগ্রামের সাথে রাখবে একটি নিরাপদ এবং নিয়ন্ত্রিত জেনারেটিভ AI টুলসেট যা স্টেটের কর্মচারীদের ট্রেনিংয়ের হাতে কলমের প্রয়োগ করতে সাহায্য করবে।

নিউ ইয়র্কবাসীদের পক্ষে থাকা

Empire State Freedom উদ্যোগ সমবেত করা
হোয়াইট হাউজ এবং কংগ্রেসে নতুন নেতৃত্বের কারণে যে অনেক ধরণের পলিসি এবং রেগুলেটরি দুশ্চিন্তা হতে পারে তা থেকে নিউ ইয়র্কবাসীকে সুরক্ষা দিতে গভর্নর Hochul (হোকল) এবং অ্যাটর্নি জেনারেল James (জেমস) Empire State Freedom উদ্যোগ সমবেত করেছেন। গভর্নরের অফিস অফ ফেডারেল অ্যাফেয়ার্স (Governor's Office of Federal

Affairs), অফিস অফ দ্য কাউন্সেল (Office of the Counsel), ডিভিশন অফ হোমল্যান্ড সিকিউরিটি অ্যান্ড ইমার্জেন্সি সার্ভিসেস (Division of Homeland Security and Emergency Services), নিউ ইয়র্ক স্টেট অফিস অফ দ্য অ্যাটর্নি জেনারেল (New York State Office of the Attorney General) এবং অন্যান্য সম্পর্কিত এজেন্সির প্রতিনিধিরা সম্ভাব্য স্ট্যাচুটরি, রেগুলেটরি, এবং ফিসক্যাল দুর্বলতা বিশ্লেষণ করতে একসাথে কাজ করছে। টিমগুলির দায়িত্ব হবে সক্রিয় ব্যবস্থা সনাক্ত করা যা স্টেটের লেজিস্লেশন, নিয়ম তৈরি, অ্যাপ্রোপ্রিয়েশন, এবং নিউ ইয়র্কের কংগ্রেশনাল প্রতিনিধি দলের (Congressional delegation) সাথে পার্টনারশিপ করার সময় নিউ ইয়র্ক স্টেট এবং এর এজেন্সিগুলি গ্রহণ করতে পারবে।

গভর্নর Hochul (হোকল) স্টেট অপারেশনকে আধুনিক ও উন্নত করাকে সরকারে তার মেয়াদের একটি সিগনেচার ফোকাস করেছেন। একটি কাস্টোমারকেন্দ্রিক সরকারের গুরুত্ব বুঝতে পেরে গভর্নর Hochul (হোকল) এছাড়াও সার্ভিসকে সরল করেছেন যাতে শূন্যস্থান পূরণ করে, নিউ ইয়র্কবাসীদের জন্য সময়ের ট্যাক্সের চাপ কম করে, অপারেশনাল দক্ষতা উন্নত করে, এবং অনলাইন সার্ভিসকে আরো ইউজারবান্ধব করার জন্য সেগুলির উন্নতি করার মাধ্যমে স্টেটের বাসিন্দাদের অভিজ্ঞতা উন্নত করা যায়। গভর্নর Hochul-এর (হোকল) অ্যাডমিনিস্ট্রেশন যা করেছে:

- সরকারি অপারেশনের জন্য একটি কাস্টোমার অভিজ্ঞতার পন্থার নির্দেশনা দিয়েছে, যার মধ্যে আছে বেনিফিট দ্রুত পৌঁছানোর জন্য অতি গুরুত্বপূর্ণ পরিবর্তন করা, ওয়েবপেজ আধুনিক করা, এবং সরকারি রিসোর্সের অ্যাক্সেসিবিলিটি বাড়ানো।
- সম্পূর্ণ স্টেটের সাইবারসিকিউরিটি কৌশল বাস্তবায়ন করা যার মধ্যে আছে New York State Joint Security Operations Center তৈরি করা এবং স্থানীয় সরকারের জন্য শেয়ার্ড সার্ভিস দেওয়া।
- ডিপার্টমেন্ট অফ মোটর ভেহিকলসের (Department of Motor Vehicles) সেকেলে সিস্টেমকে নতুন করে ঢেলে সাজানো যাতে ভোক্তাদের সাথে দ্রুত যোগাযোগ করার ক্ষেত্রে এজেন্সির ক্ষমতা উন্নত করা যায়।
- Special Supplemental Nutrition Program for Women, Infants and Children, Supplemental Nutrition Program এবং চাইল্ড কেয়ার সহায়তার জন্য নাম লেখানো আরো সহজ করার মাধ্যমে অতি গুরুত্বপূর্ণ সরকারি প্রোগ্রামের অ্যাক্সেস পাওয়ার বাঁধা দূর করা।

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে www.governor.ny.gov -এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418
গভর্নরের অফিস থেকে আপডেট পেতে সাইন-আপ করুন: ny.gov/signup | NEW YORK লিখে 81336 নম্বরে টেক্সট পাঠান

আনসাবস্ক্রাইব করুন